মুজিবনগরে প্রাণিসম্পদ প্রদর্শনী অনুষ্ঠিত

“স্মার্ট লাইভস্টক” “স্মার্ট বাংলাদেশ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগরে প্রাণিসম্পদ প্রদর্শনীর -২০২৩ উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠিত হয়েছে।

প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর আয়োজনে মুজিবনগর উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল এর বাস্তবায়নে। শনিবার সকাল সাড়ে ১০ টার সময় রামনগর খেলার মাঠে আয়োজিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস প্রধান অতিথি হিসাবে ফিতা কেটে উদ্বোধন করেন। পরে প্রদর্শনীর প্রাঙ্গণে আলোচনা সভার আয়োজন করা হয়।

গাংনী উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডা:আলাউদ্দীনের সঞ্চালনায় উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা: হারিছুল আবিদ,উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিবউদ্দীন, উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ ডা: কর্মকর্তা তানিয়া আখতার, জেলা ট্রেনিং অফিসার ডা: শেখ মোহাম্মদ মশিউর রহমান, বিশিষ্ট উদ্যোক্তা ও সমাজসেবক হাসানুজ্জামান লালটু।

প্রাণিসম্পদ প্রদর্শনীতে ২০ টি গরুর, ১০টি ছাগলের, ১০টি ভেড়ার এবং ১০টি বিভিন্ন প্রাণিসহ মোট ৫০টি ষ্টল স্থাপন করা হয়।
পরে দুপুরে পানিসম্পদ প্রদর্শনীর সমাপনী অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রদর্শনীতে গাভি পালন, ষাড় পালন, ছাগল পালন, ভেড়া পালন এবং অন্যান্য ক্যাটাগরিতে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী খামারিদের মাঝে পুরস্কার ও সনদ বিতরণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা প্রাণী সম্প্রসারণ কর্মকর্তা জয়নাল আবেদীন, মুজিবনগর উপজেলা প্রাণিসম্পদ অফিসের এল এফ এ মিঠুন আলী, এল এফ এ হাবিবুর রহমানসহ অফিসের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

পুরস্কার ও সনদ বিতরণ শেষে নির্বাহী অফিসার পানিসম্পদ

প্রদর্শনীর-২০২৩ এর সমাপনী ঘোষণা করেন।

মেহেরপুরে শান্তিপূর্ণভাবে বিএনপির পদযাত্রা অনুষ্ঠিত

নিত্য প্রয়োজনীয় পণ্যসহহ কৃষি উপকরণের মূল্য বৃদ্ধি, বেগম খালেদা জিয়াসহ কারাবন্দীদের মুক্তি ও ১০ দফা দাবী আদায়ে পদযাত্রা কেেরেছ মেহেরপুর জেলা বিএনপি।

শনিবার সকাল ১১টার সময় মেহেরপুর শহরের নতুন বাসস্ট্যান্ড থেকে পদযাত্রা শুরু করে শহর প্রদক্ষিণ শেষে সরকারি বয়েজ স্কুল মাঠে গিয়ে শেষ হয়।

জেলা বিএনপির সভাপতি ও সাবেক সাংসদ মাসুদ অরুনের নেতৃত্বে পদযাত্রায় সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, সদর উপজেলা সভাপতি এ্যাড. মারুফ আহমেদ বিজন, মুজিবনগর উপজেলা সভাপতি আমিরুল ইসলাম, মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, গাংনী পৌর বিএনপির সভাপতি মুরাদ আলীসহ জেলা ও উপজেলা বিএনপির অঙ্গসংগঠনের নেতাকর্মীরা অংশ নেন।

পদযাত্রায় কর্মসুচী শুরুতে মাসুদ অরুন বলেন, গনতন্ত্রের পূনরুদ্ধারের লড়াই চলছে। জনগণের ভাত ও ভোটের অধিকার প্রতিষ্ঠার মধ্য দিয়ে দেশের কর্তৃত্ব জনতার হাতে ফিরিয়ে দিতে আমাদের আন্দোলন চলবে।

গাংনীতে ছেলের হাতে বাবা খুন

মেহেরপুরের গাংনীতে মানষিক প্রতিবন্ধী ছেলে সুজন আলীর ধারালো অস্ত্রের আঘাতে বাবা আফেল উদ্দীন (৬০) খুন হয়েছে।

শনিবার সকাল সাড়ে ১০ টায় উপজেলার কাজিপুর ইউনিয়নের হাড়াভাঙ্গা কালিতলা পাড়ায় এ ঘটনা ঘটে। নিহত আফেল উদ্দীন হাড়াভাঙ্গা কালিতলা পাড়ায় ইয়াদ আলীর ছেলে।

আফেল উদ্দীনের স্ত্রী তহমিনা খাতুন জানান,সুজন আলী ও তার বাবা আফেল উদ্দীন দুজনে বাড়িতে থাকাবস্থায় তিনি বাড়ির পার্শে একটি দোকানে ডিম কিনতে যায় সেখান থেকে বাড়ি ফিরে স্বামীর রক্তাক্ত মরদেহ পড়ে থাকতে দেখেন। এসময় ছেলে সুজন আলীকে বাড়িতে পাওয়া যায়নি। ধারনা করা হচ্ছে সুজন তার বাবাকে ধারালো অস্ত্র দিয়ে মাথায় আঘাত করে হত্যা করে পালিয়ে যায়।

ইউপি সদস্য মো: মহিবুল ইসলাম বলেন,ইতোপূর্বে সুজন আলী তার বাবাকে মারধর করেছে বলে প্রতিবেশি সূত্রে জানতে পেরেছেন। তবে সে মানষিক প্রতিবন্ধী বেশ কিছু দিন রাজশাহী,পাবনা সহ বিভিন্ন হাসপাতালে চিকিৎসা নিয়েছেন। সুজন বিজ্ঞান বিভাগের মেধাবী ছাত্র ছিলো। মানষিক সমস্যার কারনে তার জীবন নষ্ট হয়ে গেছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো: আব্দুর রাজ্জাক বলেন,সুজন আলী পলাতক রয়েছে। ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করে ময়না তদন্ত করার জন্য মর্গে প্রেরন করা হয়েছে। পরবর্তীতে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

রাজনীতির শুরু থেকে এ পর্যন্ত জনগণের সাথে মিশে আছি

রাজনীতির শুরু থেকে এ পর্যন্ত জনগণের সাথে মিশে আছি। কৃষক শ্রমিক মানুষের সাথে মিশে আছি। একজন কৃষক পরিবারের ছেলে হিসেবে রাজনীতির

শুরু থেকে এ পর্যন্ত কৃষক পরিচয় দিতে গর্ববোধ করেছি।

মেহেরপুর জেলা যেহেতু কৃষি প্রধান জেলা এ জ্বালায় যেহেতু শিল্প কলকারখানা নেই সেহেতু কৃষকদের ভাগ্য পরিবর্তন করতে পারলে মেহেরপুরের উন্নয়ন হবে, মেহেরপুরের মানুষের উন্নয়ন হবে। এই কথা ভেবেই নির্বাচনের পরে সংসদ সদস্য হিসেবে আমার নির্বাচনী এলাকার গাংনীর বিভিন্ন মাঠে কৃষক ছাউনি স্থাপন করেছি।যাতে কৃষকরা ঝড় ঝাপটা ও প্রাকৃতিক দুর্যোগ থেকে রক্ষা পেতে পারে। যার নাম দিয়েছি “শেখ হাসিনা কৃষক ছাউনি” এই প্রকল্পটি জাতীয় সংসদে উপস্থাপন করেছি। যেটি দেশব্যাপী সমাদৃত হয়েছে।

গাংনী শহর ফোরলেন রাস্তায় পরিণত হচ্ছে। মেহেরপুর একটি বিশ্ববিদ্যালয় হচ্ছে। গাংনী উপজেলায় একটি মডেল মসজিদ হয়েছে এবং একটি মিনি স্টেডিয়াম নির্মাণ হচ্ছে। বিভিন্ন স্কুল কলেজের অবকাঠামো উন্নয়ন হয়েছে ব্যাপক। যার ফলশ্রুতিতে মানুষ আবারো আমাকে এমপি হিসেবে নির্বাচিত করবে। এমন আশা ব্যক্ত করেন মেহেরপুর
- ২(গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। দৈনিক মেহেরপুর প্রতিদিনের “নিয়মিত আয়োজন “মুক্ত কথা” আলোচনায় অনুষ্ঠান সঞ্চালকের বিভিন্ন প্রশ্নোত্তর পর্বে এসব কথা বলেন তিনি।

দৈনিক মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দুর সঞ্চালিত ” মুক্ত কথা” অনুষ্ঠানে যুব সমাজকে নিয়ে এক প্রশ্নের জবাবে তিনি বলেন, যুব সমাজ আজ হাতের মুঠোয় পৃথিবী পেয়েছে, প্রযুক্তিগত শিক্ষায় শিক্ষিত হচ্ছে। বর্তমান সরকার শিক্ষিত যুব সমাজকে কাজে লাগানোর জন্য বিভিন্ন প্রশিক্ষণের সুযোগ তৈরি। বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দিয়ে বিদেশে কর্মসংস্থানের ব্যবস্থা করেছে। যুব সমাজকে মাদক থেকে দূরে সরিয়ে রাখার জন্য বিভিন্ন খেলাধুলায় পুরস্কার দেওয়ার সুযোগ তৈরি করা হয়েছে। বিভিন্ন শিক্ষামূলক বিনোদনের ব্যবস্থা করা হচ্ছে। খেলাধুলায় মনোযোগী হচ্ছে অনেকেই। তবে দেশীয় খেলাধুলা কিছুটা ভাটা পড়েছে বলেও স্বীকার করেন তিনি।

২৪ ফেব্রুয়ারি ২০২৩ শুক্রবার সন্ধ্যায় এমপি সাহিদুজ্জামান খোকনের বাসভবনে “মুক্ত কথা”র আলোচনা সভায় অতিথি হিসেবে এমপি সাহিদুজ্জামান খোকনকে আমন্ত্রণ জানাই দৈনিক মেহেরপুর প্রতিদিন। এম এ এস ইমন এর প্রকাশনায় এবং ইয়াদুল মোমিন সম্পাদিত দৈনিক মেহেরপুর প্রতিদিন মেহেরপুর জেলার একটি সরকারি মিডিয়া

তালিকাভুক্ত পত্রিকা। পত্রিকাটি প্রকাশনা কাল থেকেই এ পর্যন্ত অন্যায়ের বিরুদ্ধে কথা বলে আসছে। সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড নিয়মিতভাবে প্রচার করে আসছে। সাদা কে সাদা ও কালোকে কালো বলায় এবং সরকারের উন্নয়ন কর্মকান্ড প্রচার করে পত্রিকাটি স্থানীয় প্রশাসন থেকে শুরু করে বিভিন্ন মহলে আস্থার পত্রিকা হিসেবে জনপ্রিয়তা বেড়েছে বলে জানান এমপি সাহিদুজ্জামান খোকন।

সঞ্চালকের রাজনৈতিক প্রশ্নের উত্তরে তিনি বলেন, আমাদের বাংলাদেশ একটি স্বাধীন সার্বভৌমত্ব দেশ। যে দেশের মানুষ স্বাধীনভাবে চলাফেরা করতে পারে, স্বাধীনভাবে কথা বলতে পারে। সকল শ্রেণীর পেশার মানুষ রাজনীতি করতে পারে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এদেশের পরাধীন মানুষকে স্বাধীনতার স্বপ্ন দেখিয়েছিলেন এবং স্বাধীনতা এনে দিয়েছিলেন। তারই সুযোগ্য কন্যা শেখ হাসিনা ক্ষমতায় এসে দেশের উন্নয়ন ঘটিয়েছেন জনগণের উন্নয়ন ঘটিয়েছেন। মানুষ আজ নির্বিঘ্নে চলতে পারে নির্বিঘিলে কথা বলতে পারে এবং ব্যবসা-বাণিজ্য করতে পারে কোথাও বোমাবাজি হয় না কোথাও ছিনতাই হয় না। রাজনৈতিক ভেদাভেদ ভুলে গিয়ে দেশের সকল মানুষকে সমান সুযোগ সৃষ্টি করে দিয়েছেন বর্তমান সরকার। ঠিক তেমনি ভাবেও নির্বাচনী ইশতেহার বাস্তবায়ন করেছেন।

আগামী জাতীয় সংসদ নির্বাচনে সকল দলের অংশগ্রহণ নিশ্চিতকরণের জন্য বিরোধী বিভিন্ন রাজনৈতিক দলকে সমানভাবে সভা সমাবেশ করার সুযোগ তৈরি করে দিয়েছে। বিরোধীদলের রাজনৈতিক নেতারা তাদের রাজনৈতিক কর্মকান্ড নির্বিঘ্নে চালিয়ে যাচ্ছেন। আগামী জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি সহ সকল দল নির্বাচনে অংশগ্রহণ করবে বলেও জানান তিনি। সরকারের উন্নয়নের পাশাপাশি গাংনী উপজেলায় নির্বাচনী এলাকায় ৮০ ভাগ জনগণকে দেয়া নির্বাচনী প্রতিশ্রুতি পূরণ করতে পেরেছেন বলেও দাবি করে সংসদ সদস্য মোঃ সাহিদুজ্জামান খোকন বলেন, জনগণ আবারও আমাকেই এমপি হিসেবে দেখতে চাই। বাংলাদেশ আওয়ামী লীগকে আবারো সরকার গঠন করতে চাই।

সবশেষে সাহিদুজ্জামান খোকন বলেন, তিনি আবারও নৌকার মনোনয়ন চাইবেন এবং দল তাকে মূল্যায়িত করবেন। বাংলাদেশ আওয়ামীলীগকে আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে সরকার গঠনে বিভিন্ন মানুষের দ্বারে দ্বারে যাচ্ছেন এবং সরকারের উন্নয়ন তুলে ধরেছেন। শেখ হাসিনার কথা তুলে ধরছেন। তিনি বিশ্বাস করেন বর্তমান সরকারের উন্নয়ন দেখে আবারও বাংলাদেশ আওয়ামী লীগকে সরকার গঠনে জনগণ সর্বাত্মক সহায়তা করবে।

জাগো মেহেরপুর এর উদ্যোগে মেহেরপুর জেলা দিবস পালন

জাগো মেহেরপুর এর উদ্যোগে মেহেরপুর জেলা দিবস পালন করা হয়েছে। গতকাল শুক্রবার সন্ধ্যায় মেহেরপুর এশিয়া নেট মোড় ইচ্ছে গিফট কর্ণারে কেক কেটে জেলা দিবস পালন করা হয়। জাগো মেহেরপুরের মুখপাত্র শোয়েব রহমানের সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা অব) ক্যাপ্টেন আব্দুল মালেক, বীর মুক্তিযোদ্ধা ও সাবেক ব্যাংকার জিল্লুর রহমান, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন।
জাগো মেহেরপুরের সমন্বয়কারী আব্দুল আলিমের সঞ্চালনায় কেক কেটে মেহেরপুর জেলা দিবস পালন করা হয়। অনুষ্ঠানে জাগো মেহেরপুরের সংগঠক হৃদয়, নাসিম হাসানসহ অন্যানরা উপস্থিত ছিলেন।

বীর মুক্তিযোদ্ধারা জাগো মেহেরপুরের আয়োজনকে সাধুবাদ জানিয়ে বলেন, মেহেপুরের কোন সংগঠনকে আজকের দিনটি পালন করতে দেখিনি, যেটা অনেক কষ্টের। জাগো মেহেরপুর এ অনুষ্ঠানের মধ্যে দিয়ে নতুন করে ইতিহাসে নাম লেখালো। জাগো মেহেরপুরের সকল ভালো কাজের সাথে আমরা থাকবো।
প্রসঙ্গত, ১৯৮৪ সালের ২৪ ফেব্রুয়ারি মেহেরপুর কে জেলা হিসেবে ঘোষনা করে তৎকালীন সরকার।

সরকারের উন্নয়ন চিত্র তুলে ধরতে তৃণমূলে ইমনের বুকলেট

বিতরণ অব্যহত

বর্তমান সরকারের উন্নয়ন মূলক চিত্র তুলে ধরতে মেহেরপুরের বিভিন্ন গ্রামে গ্রামে তরুণ রাজনীতিবীদ এম এ এস ইমনের বুকলেট বিতরণ অব্যহত রয়েছে।

তারই অংশ হিসেবে শুক্রবার বিকালে মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ, সোনাাপুর, মাঝপাড়া গ্রামে তরুন রাজনীতিবীদ এম এ এস ইমনের উদ্যোগে বিভিন্ন শ্রেণী পেশার মানুষের মাঝে সরকারের উন্নয়ন চিত্র সম্বলিত বুকলেট বিতরণ করা হয়েছে।

মেহেরপুর পৌর আওয়ামী লীগের সহ-সভাপতি বেলাল হোসেনের নেতৃত্বে এম এ এস ইমনের অনুসারীরা মুজিবনগরের কেদারগঞ্জ, সোনাাপুর, মাঝপাড়া গ্রামে এ বুকলেট বিতরণ করেন।

বুকলেট বিতরণ ও গণসংযোগকালে জেলা স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন ও প্রস্তুতি কমিটির সদস্য মোস্তাফিজুর রহমান চন্দন, মেহেরপুর জেলা যুবলীগ শাখার আহ্বায়ক কমিটির সদস্য প্রভাষক মোঃ সাজ্জাদ হোসেন, শিশির অরুপ, আব্দুর রাজ্জাক, ফারুক হোসেন, সানা, ডন, আবুল হোসেন, ফারুক শেখ, ছাত্রলীগ নেতা ইব্রাহীম ইবু সহ অন্যান্য নেতাকর্মীরা অংশগ্রহন করেন।

আওয়ামী লীগ নেতা বেলাল হোসেন বলেন, আওয়ামী লীগ সরকারের বিভিন্ন উন্নয়নমূলক চিত্রের পাশাপাশি বিএনপির সরকারের উন্নয়নের তুলনা করে এ বুকলেট তৈরি করা হয়েছে। যাতে করে সাধারণ মানুষ আওয়ামী লীগ সরকারের উন্নয়ন চিত্র সম্পর্কে ধারণা পায়। এবং একই সঙ্গে পুনরায় আওয়ামী লীগ সরকারকে ভোট দিয়ে ক্ষমতায় নিয়ে আসে। এ বুকলেট ভালোভাবে পড়লেই সাধারণ মানুষ আওয়ামী লীগ সরকারের প্রতি বিশ্বাস ও আস্থা রাখতে পারবে।

আওয়ামী লীগ নেতা এস এম ফরিদ উদ্দীন বলেন, গত ১৪ বছরে বর্তমান সরকার বাংলাদেশে অনেক বড় বড় উন্নয়নমূলক কাজ করেছে। সে উন্নয়ন মূলক কাজগুলো বিস্তারিত ভাবে এ বুকলেটে তুলে ধরা হয়েছে। শেখ হাসিনা সরকার বয়স্কভাতা, বিধবা ভাতা, মুক্তিযোদ্ধা ভাতা বাড়িয়েছেন এই সরকার।

স্বেচ্ছাসেবক লীগ নেতা মোস্তাফিজুর রহমান চন্দন বলেন, শেখ হাসিনার সরকারের সাফল্যগুলো প্রতিদিনই আমরা মেহেরপুরের বিভিন্ন

গ্রামে সাবেক ছাত্রনেতা এম এ এস ইমনের তৈরি করা এই বুকলেটগুলো বিতরণ করছি। আমরা এই বুকলেচগুলো গ্রামের সাধারণ মানুষের কাছে তুলে ধরছি আগামী জাতীয় নির্বাচনে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে আমরা প্রচার কাজ চালিয়ে যাচ্ছি। বিরোধী শক্তি যাতে মাথাচাড়া দিয়ে উঠতে না পারে সে লক্ষ্যে আমরা প্রতিনিয়ত বুকলেট বিতরণ ও প্রচার কাজ চালিয়ে যাচ্ছি।

প্রসঙ্গত, ইতোমধ্যে এম এ এস ইমনের উদ্যোগে মেহেরপুর শহর, মুজিবনগর উপজেলার মোনাখালী, দারিয়াপুর, বাগোয়ান, মহাজনপুর ও মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর, বুড়িপোতা, আমদহ, আমঝুপিসহ বিভিন্ন গ্রামে বুকলেট বিতরণ করা হয়েছে।

মেহেরপুর আনন্দ উৎসবে মেতে ছিলো কৃতী শিক্ষার্থীরা

মেহেরপুরে এসএসসি ও সমমানের পরীক্ষায় জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠান আনন্দ উৎসবে মেতে ওঠে কৃতী শিক্ষার্থীরা।

শুক্রবার সকাল ৮টায় পৌর শহরের শহীদ সামসুজ্জোহা পার্কে এ উৎসব শুরু হয়। সংবর্ধনা অনুষ্ঠানে অংশ নিতে ৫৫৮ কৃতী শিক্ষার্থী নিবন্ধন করেছেন।

এক শপ্তাহ হলো মেহেরপুরে শীতের আবহাওয়া কমে গেছে। ফাগুনের মৃদ উঞ্চতা বিরাজ করছে সর্বত্র। এরি মধ্যে সকাল ৮টায় শহীদ সামসুজ্জোহা পার্কে আসতে শুরু করে শিক্ষার্থীরা। অনুষ্ঠানস্থলে ঢোকার পরই শিক্ষার্থীরা নিবন্ধন নম্বর অনুযায়ী নির্দিষ্ট বুথের সামনে সারিবদ্ধভাবে দাঁড়িয়ে সনদ, ক্রেস্ট ও স্ন্যাকস বক্স সংগ্রহ করে। কৃতী শিক্ষার্থীদের মধ্যে নারী শিক্ষার্থীদের উপস্থিতি ছিলো সব চেয়ে বেশি।

সকাল আটটার দিকে একসঙ্গে অনুষ্ঠানস্থলে হাজির হয় সরকারি বালিকা বিদ্যালয়ের শিক্ষার্থী মাইশা মালিহা, আনিকা, সামিয়া জামান, ঐশি

খানম, রৃদিমা জান্নতসহ ১১জন শিক্ষার্থী। এসময় বন্ধুসভার উপদেষ্ঠা নৃত্য পরিচালক সোহাগের পরিচালনা কৃতী শিক্ষার্থীদের নৃত্যর মাধ্যমে বরণ করে নেওয়া হয়। পরে মুল মঞ্চে ফাগুনে আগমনী নৃত্য পরিবেশন হয়। সমবেত নৃত্যতে ১৪জন বন্ধু অংশগ্রহন করে।

জিপিএ-৫ পাওয়া এই শিক্ষার্থীরা অনুষ্ঠানস্থলে উপস্থিত হয়েই প্রথম আলোকে বলে, প্রথম আলো থেকে সনদ পাওয়া অনেক অনেক গর্বের। এমন সংবধর্নায় যোগ দিতে পেরে নিজেদের আজ গর্বিত মনে হচ্ছে। শিক্ষার প্রতিটি ক্ষেত্রে প্রথম আলো যদি এমন ভাবে অনুপ্রেরনা দেয় তবে সমাজ একদিন বদলে যাবে।

সারা দেশের ৬৪টি জেলায় প্রথম আলোর আয়োজনে ও শিক্ষার ডিজিটাল প্ল্যাটফর্ম ‘শিখো’র পৃষ্ঠপোষকতায় চলছে জিপিএ-৫ পাওয়া কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা উৎসব। সংবর্ধনা অনুষ্ঠানের এ আয়োজনে সহযোগিতা করছে ফ্রেশ, এটিএন বাংলা ও প্রথম আলো বন্ধুসভা।

সকাল সোয়া ১০ টার দিকে জাতীয় সংগীতের মাধ্যমে অনুষ্ঠানের উদ্বোধন করা হয়। বন্ধুসভার সদস্য মোহাইমিনুর আবিরের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন প্রথম আলোর মেহেরপুর প্রতিনিধি আবু সাঈদ। উপস্থিত ছিলেন প্রথম আলোর কুষ্টিয়ার নিজস্ব প্রতিবেদক তৌহিদী হাসান, চুয়াডাঙ্গার প্রতিনিধি শাহ আলম সনি প্রমুখ।

এসময় প্রথম আলোর বিশেষ প্রতিনিধি ইফতেখার মাহমুদ বলেন, কৃতী শিক্ষার্থীরা সমাজ ও পরিবারের মুখ উজ্জল করেছে। আজকের অনুষ্ঠানে সকল কিছু তাদের সম্মান জানানোর জন্য করা হয়েছে। আগামী কৃতী শিক্ষার্থীরা উন্নত মানুষ হয়ে দেড় গড়ার অঙ্গিকার নেবে। সমাজের প্রতিটি ক্ষেত্রে কৃতিত্ব রাখবে।

সরকারি মহিলা কলেজের অধ্যাক্ষ রফিকুল ইসলাম বলেন, কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা হচ্ছে তাদেরকে উজ্জিবিত করা। সকল শিক্ষার্থীরা নিজেদের আরো মেধাবি গড়ে তোলবে। সমাজের অন্ধাকারে আলো ছড়িয়ে দেবে। মানুষে মানুষে ভেদাভেদ ভুলে সত্যিকারের মানুুষ হিসাবে নিজেকে গড়ে তুলতে হবে।

সরকারি কলেজের অধ্যাক্ষ সফিউল ইসলাম সর্দার বলেন, কৃতীদের সংবর্ধনা আয়োজনে পৃষ্ঠপোশক শিখো ও প্রথম আলোকে অনেক শুভকামনা। শিক্ষার্থীদের প্রতিটি ক্ষেত্রে প্রথম আলোকে এগিয়ে আসতে হবে। যারা জিপিএ ফাইভ পেয়েছে তারা আগামীতেও প্রতিটি ক্ষেত্রে কৃতিত্বের সঙ্গে এগিয়ে যেতে পারে সেজন্য সৎ,ন্যায়পরায়ন

হতে হবে। মাদকের বিষয়ে সোচ্চার হতে হবে। একজন মেধাবি শিক্ষার্থী হলেই হবে না। অবশ্যায় তাকে একজন ভালো মানুষ হতে হবে।

সুধিজনদের বক্তব্যর মাঝে মাঝে বন্ধুসভার সদস্যরা গান, নৃত্য নিয়ে আসেন।, বন্ধুসভার সদস্য শাম্মি, বনান্তি, আদিৃতা একক নৃত্য পরিবেশন করে। ব্যন্ড সঙ্গিত পরিবেশন করে বন্ধসভার রোহান, ফাগুন।

মেরিন ইঞ্জিনিয়ারিংয়ে ক্যাপ্টেন হিসেবে পদোন্নতী পেলেন মেহেরপুরের শুভ

মেরিন ইঞ্জিনিয়ারিংয়ে ক্যাপ্টেন হিসেবে পদোন্নতী পেলেন মেহেরপুরের কৃতি সন্তান আবু মোহাম্মদ সালেহ শুভ। ২০০৩ সালে মেরিন ইঞ্জিনিয়ারিং প্রবেশন অফিসার হিসেবে যোগদান করার পর ধাপে ধাপে তিনি পদোন্নতী লাভ করে সর্বশেষ ক্যাপ্টেন হিসেবে পদোন্নতী পান।

আবু মোহাম্মদ সালেহ শুভ মেহেরপুর শহরের কাসারি পাড়ার বিশিষ্ট রাজনীতিক ইলিয়াস হোসেনের ছেলে। তিনি মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় থেকে ১৯৯৭ সালে এসএসসি এবং মেহেরপুর সরকারি কলেজ থেকে ১৯৯৯ সালে এইচএসসি পাশ করেন। পরে তিনি চট্ট্রগাম মেরিন একাডেমি থেকৈ ২০০৩ সালে ব্যাচেলর অব মেরিটাইম সাইন্স ডিগ্রি অর্জন করে। ওই বছরে বাংলাদেশী একটি জাহাজে কর্মজীবন শুরু করেন। পরে তিনি ইটালিয়ান, জাপানি সহ বিভিন্ন দেশের জাহাজে চাকরি করেছেন। এ পর্যন্ত তিনি ২৫টি জাহাজে চাকরি করেছেন। তার মধ্যে কার্গো, ট্যাংকার, বাল্ক, কন্টেনেইনার জাহাজ রয়েছে। ইতোমধ্যে তিনি ৬০টি দেশে জাহাজ নোঙর করেছেন।

ক্যাপ্টেন আবু সালেহ শুভ বলেন, মেরিন পেশা খুবই ভালো এবং ডিমাণ্ডেবল পেশা। এখানে আছে সংগ্রাম, এখানে আছে ত্যাগ। তার বিনিময়ে দেশের জন্য বৈদেশিক মুদ্রা আয় করার সুযোগ। প্রতিনিয়ত এ সেক্টরে জবের চাহিদা বাড়ছে এবং তরুণরা আগ্রহী হচ্ছে। শুভ আরো

বলেন, এ পেশাতে বিশ্বের বিভিন্ন দেশ ঘোরার সুযোগ রয়েছে। এ পেশাকে বিকশিত করার লক্ষ্যে বাংলাদেশে সরকার দেশে আরো চারটি মেরিন একাডেমি চালু করেছে।

ক্যাপ্টেন পদে পদোন্নতী লাভ করায় তাকে অভিনন্দন জানিয়েছেন তার বন্ধুরা। বিশেষ করে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের ১৯৯৭ সালের বন্ধু ডা. কাজল আলী, ডা. আবুল কাশেম, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর সরকারি কলেজে প্রভাষক নাহিদ রেজা, বন্ধু সদরুল আহমেদ নাহিদ, ওয়ালিয়ুর রহমান রাজা, হিমু, সন্দিপ দাস সহ সকল বন্ধুরা।

মেহেরপুরে মউকের আয়োজনে ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত

মেহেরপুরে উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা ও সুপারভাইজার দের সঙ্গে দিন ব্যাপী ইন্কুসিভ ও এক্সক্লুসিভ এডুকেশন বিষয়ে এক ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সকাল দশটার দিকে মানব উন্নয়ন কেন্দ্র মউকের হলরুমে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ও গনসাক্ষরতা অভিযানের সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র মউকের আয়োজন এ সভা অনুষ্ঠিত হয়।

মানব উন্নয়ন কেন্দ্র মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মো উবায়দুল্লাহ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো: মনিরুল ইসলাম , রিসোস পারসন হিসেবে উপস্থিত ছিলেন সিডিডিএর কো-অর্ডিনেটর মো: জাহাঙ্গীর আলম, মউকের সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন, পোগ্রাম ম্যানেজার আবদুল করিম, শিরিন আকতার, আব্দুললাহ আল মামুন।

কর্মশালায় সবার জন্য মানসম্মত শিক্ষা, একীভূত শিক্ষা ও

প্রতিবন্ধী শিশুর শিক্ষা অধিকার বিষয়ে আলোচনায় করা হয়। মেহেরপুর সদর উপজেলার উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ে ৭০ জন শিক্ষক শিক্ষিকা এ অনুষ্ঠানে অংশ গ্রহন করে।

অনুষ্ঠান টি পরিচালনা করেন ডিপিএম সাদ আহাম্মদ।

গাংনীতে তা’লিমুল কুরআন ইসলামী একাডেমির নুতন ভবনের ভিত্তি প্রস্থর স্থাপন

গাংনীতে তা’লিমুল কুরআন ইসলামী একাডেমির নুতন ভবনের ভিত্তি প্রস্থর স্থাপন উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে একাডেমি চত্বরে একাডেমির প্রতিষ্ঠাতা হাজী মহসিন আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ভবনের ভিত্তি প্রস্থর কাজের উদ্বোধন করেন মেহেরপুর ২ গাংনী আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি সাহিদুজৃজামান খোকন।

প্রভাষক শফি কামাল পলাশ এর সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিশিষ্ট ব্যবসায়ী হাজী আলফাজউদ্দীন, এনামুল হক,আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতু, মাওলানা আব্দুল কাদের, হাফিজুর রহমান মানিক, মাওলানা খালেদ সাইফুল্লাহ, সাংবাদিক রফিকুল আলম বকুল ও মাদ্রাসার পরিচালক গাংনী কেন্দ্রীয় জামে মসজিদের ঈমাম হাফেজ মাওলানা রুহুল আমিন। অনুষ্ঠানে গাংনী বাজারের ব্যবসায়ী শিক্ষকগণ ও বিভিন্ন শ্রেণিপেশার মানুষ অংশগ্রহণ করেন।

স্বাগত বক্তব্যে একাডেমির প্রতিষ্ঠাতা হাজী মহসিন আলী মাদ্রাসার প্রতিষ্ঠায় সকলের সহযোগিতা কামনা করেন।

প্রধান অতিথির বক্তব্যে সাহিদুজ্জামান খোজন এমপি বলেন, এই একাডেমির প্রতিষ্ঠার মাধ্যমে হাজী মহসিন তার ভাল কাজের মাধ্যমে বেঁচে থাকবেন। এলাকার মানুষের কল্যাণে ও ইসলামের খেদমতে এই

প্রতিষ্ঠান কাজ করে যাবে। তিনি এই প্রতিষ্ঠানে বিভিন্ন ভাবে সহযোগিতার জন্য সবাইকে আহবান জানান।

তিনি বলেন, সবচেয়ে ভাল কাজের মধ্যে এটা একটি। এই প্রতিষ্ঠানে জন্য সকল প্রকার সহযোগিতার আশ্বাস দেন তিনি। আলোচনা শেষে ভিত্তি প্রস্থর স্থাপন করা হয় ও দোয়া ও মোনাজাত পরিচলনা করা হয়। দোয়া পরিচালনা করেন মাওলানা আব্দুল কাদের। আমন্ত্রিত সকলের জন্য দুপুরের খাবারের ব্যবস্থা করা হয়।